গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬,আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০০২.২৫.৩৮ তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি.

## নিয়োগ আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের ২৮/০১/২০২৫ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০২২.১১.০০২.২২.৪৯ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্র, খাদ্য অধিদপ্তরের ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৫.২২.৮০২ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি এবং ০৯/০৩/২০২৫ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৩.২৫.১৯৮ নং স্মারকে জারিকৃত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি ও খাদ্য অধিদপ্তরের ০৯/১১/২০২৫খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.০৩১.১১.০০০২.২৫-৬৩০ নং স্মারকে সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণের প্রাক-চাকরি বৃত্তান্তের (পুলিশ ভেরিফিকেশন) ইতিবাচক প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর গ্রেড-১৬ এ ৯,৩০০-২২,৪৯০/- টাকা বেতনক্রমে **"সহকারী মিলরাইট"** পদে নিয়োগ প্রদান করা হলো:

**শর্তাবলি:**

(ক) প্রার্থীগণকে স্বাস্থ্য ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষার প্রতিবেদন দাখিল করতে হবে। যথাসময়ে স্বাস্থ্য পরীক্ষার স্থান ও সময়সূচি অবহিত করা হবে। প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্বপালনে বিঘ্ন ঘটাতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিলের ক্ষমতা রাখেন;

(খ) নিয়োগ প্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণ অস্থায়ীভাবে ০২(দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। ০২ (দুই) বছর সন্তোষজনক চাকরি সাপেক্ষে চাকরি স্থায়ী করা হবে। তবে শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন তার/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকরির অবসান ঘটাতে পারবেন;

(গ) প্রার্থী/প্রার্থীগণের চাকরি বদলিযোগ্য। জনস্বার্থে তাকে/তাদেরকে খাদ্য অধিদপ্তরাধীন যে কোন সংস্থাপনে বদলি করা যাবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি সরকারি চাকরি আইন-২০১৮, সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা-১৯৭৯, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এবং সরকারি চাকরি সংক্রান্ত অন্যান্য যাবতীয় বিধিসমূহ অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন;

(ঙ) নিয়োগ প্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণ কোন প্রকার তথ্য/সনদ মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পর্যায়ে নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) প্রার্থী যদি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে জমা দিতে হবে;

(ঝ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে প্রার্থী/প্রার্থীগণের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। পদের নাম: **সহকারী মিলরাইট**

| ক্র. নং | রোল নম্বর | প্রার্থীর নাম | প্রার্থীর পিতা/ স্বামীর নাম | মেধাক্রম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | ৯৮০০১৪৪ | মোঃ বিকাশ আলী | পিতা: মোঃ মোজাম মোল্লা | ১ | গ্রাম-মথুরাপুর (পূর্ব পাড়া), ডাকঘর-খাস মথুরাপুর, থানা-দৌলতপুর, জেলা-কুষ্টিয়া। |

৩। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলি প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ০২/০২/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো।** নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং তার এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক (বিকল্প কর্মকর্তা)
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা

নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০০২.২৫.১৬(১২৪)

তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ জনপ্রশাসন মন্ত্রণালয়/খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪) যুগ্ম সচিব, প্রশাসন-১ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) যুগ্ম-সচিব (প্রশাসন-২ অধিশাখা), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/ হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৭) বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৮) উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১১) অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ
১৩) সাইলো অধীক্ষক, (সকল)....................................
১৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা
১৫) চিফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা
১৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (নিয়োগ আদেশটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৭) সিস্টেম এনালিস্ট, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (নিয়োগ আদেশটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৮) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ
১৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)....................................
২০) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা
২১) উপপরিচালক (সংস্থাপন/পিপিটি/তদন্ত ও মামলা/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ঢাকা
২২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩) জনাব ......................................
পিতা/স্বামীর নাম ........................
গ্রাম/মহল্লা ................................
ডাকঘর ...................................
উপজেলা/থানা ............................
জেলা ......................................
২৪) অফিস কপি/মাস্টার কপি

২৭/০১/২০২৬

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপ-পরিচালক (সংস্থাপন)
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা